বণিকবার্তা শনিবার, নভেম্বর ১৫, ২০২৫ ■ কার্তিক ৩০, ১৪৩২




North South University Library ★1992★

# এনএসইউতে মানবাধিকার ও জাতীয় নিরাপত্তা-বিষয়ক আলোচনা সভা

নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের উদ্যোগে 'মানবাধিকার ও জাতীয় নিরাপত্তা : উন্মুক্ত সমাজে উন্মুক্ত কণ্ঠস্বর কেন প্রয়োজন' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের মুট কোর্টে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন সুইডেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মানবাধিকার, গণতন্ত্র ও আইনের শাসন-বিষয়ক রাষ্ট্রদূত ইরিনা শোলগিন নিওনি। এনএসইউ কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খানের সঞ্চালনা এবং সভাপতিত্বে আলোচনা সভায় সূচনা বক্তব্য রাখেন মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক রিজওয়ানুল ইসলাম।